গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
লাকসাম, কুমিল্লা

আগস্ট ২০২৩ মাসে অনুষ্ঠিত লাকসাম উপজেলা পরিষদের মাসিক (৫ম উপজেলা পরিষদের ৫১তম সভার) সভার কার্যবিবরণী ঃ

সভাপতি : জনাব মোঃ ইউনুছ ভূঁইয়া
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা

সভার তারিখ : ৩১/০৮/২০২৩ খ্রি.

সময় : বেলা ১১:৩০ ঘটিকা

সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে ২০২৩ সালের আগস্ট মাসে অনুষ্ঠিত লাকসাম উপজেলা পরিষদের মাসিক (৫ম উপজেলা পরিষদের ৫১তম সভার) সভার কাজ শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচী মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লাকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার অত:পর সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভা পরিচালনা করেন।

আলোচ্যসূচি-১ঃ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ- উপজেলা নির্বাহী অফিসার পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কারও কোন আপত্তি না থাকায় তা গৃহিত ও অনুমোদিত হয়।

আলোচ্যসূচি-২ঃ গত সভায় গৃহিত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা ঃ-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.১ | গত সভার গৃহিত সিদ্ধান্ত সমূহের অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। গৃহীত সিদ্ধান্ত সমূহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়ন করায় সভার পক্ষ থেকে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। | ভবিষ্যতে উপজেলা পরিষদের সকল সভার গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্য সূচী-৩ ঃ কমিটির সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৩.১ | গত সভায় কমিটি কর্তৃক সুপারিশকৃত সকল বিষয়াদির বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে কমিটির সুপারিশ গুলো বাস্তবায়ন সম্পন্ন হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়। | ১। ভবিষ্যতেও কমিটি কর্তৃক সুপারিশকৃত বিষয়াদির বাস্তবায়নের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্যসূচি-৪ ঃ মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৪.১ | মাননীয় উপদেষ্টা জনাব মোঃ তাজুল ইসলাম মাননীয় সংসদ সদস্য কুমিল্লা-৯ ও এলজিআরডি মন্ত্রী মহোদয়ের পরামর্শ সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ সমূহ সর্বসম্মতভাবে বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ নেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ সমূহ জরুরী ভিত্তিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার সহ সকল অফিসার, লাকসাম, কুমিল্লা।<br>২। সকল ইউপি চেয়ারম্যান, লাকসাম, কুমিল্লা। |

আলোচ্য সূচী-৫ ঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আয়-ব্যয়ের হিসাব :-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৫.১ | উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ২০২৩-২০২৪ অর্থ বছরের জুলাই-২০২৩ মাসের আয়-ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করেন।<br><br>**জুলাই ২০২৩ আয় অংশ :**<br>ক) অবশিষ্ট স্থিতি = ৩,০৫,৬২,০৩৪ /-<br>খ)উপজেলা সাব রেজিস্ট্রি অফিস হতে প্রাপ্ত ভূমি উন্নয়ন কর = ২৭,৭১,৬৭৩/-<br>মোট আয় = ৩,৩৩,৩৩,৭০৭/-<br><br>**জুলাই ২০২৩ ব্যয় অংশ :**<br>ক) উপজেলা পরিষদ উন্নয়ন জমা হিসাবে স্থানান্তর =৩,০৫,০০,০০০/-<br>খ) আনসারের অস্থায়ী ক্যাম্পে মোটর স্থাপন = ১১,৫০০/-<br>গ) ২০২২-২৩ অর্থবছরে দরপত্র মূল্যায়ন কমিটির সম্মানীভাতা= ১,২৯,০০০<br>মোট ব্যয় = ৩,০৬,৪০,৫০০ /-<br><br>অবশিষ্ট স্থিতি ২৬,৯৩,২০৭= ছাব্বিশ লক্ষ তিরানব্বই হাজার দুইশত সাতটাকা) | ১। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক উত্থাপিত আয়-ব্যয়ের হিসাব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উক্ত আয়-ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা। |

আলোচ্যসূচি-৬ ঃ সরকারী আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্র অবহিত করণ :-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৬.১ | উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা সভায় জুলাই ২০২৩ খ্রি. মাসে বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্রসমূহ সভায় উপস্থাপন করেন। | ১। সরকারী আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্র মোতাবেক কার্যক্রম গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্যসূচি-৭ ঃ বিভাগীয় আলোচনা:-

| ক্র:ন | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৭.১ | **উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স:** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা লাকসাম বলেন, লাকসাম উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ৫০ শয্যা হতে ১০০ শয্যা উন্নীতকরণের ক্ষেত্রে অবকাঠামো সংক্রান্ত কাজের অনুমোদন চলে এসেছে। দ্রুততম সময়ের মধ্যে কাজ শুরু হবে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অবৈধ দখলকৃত জমি উদ্ধারে নিয়োগকৃত কোর্ট কমিশনার ইতোমধ্যে রিপোর্ট জিপি এর হাতে হস্তান্তরিত হয়েছে। এ সংক্রান্ত সকল বিষয়ের কার্যক্রম চলমান রয়েছে। ডেঙ্গুর প্রভাব কমতে শুরু করলেও সতর্কতার সাথে পরিবেশ পরিচ্ছন্ন কার্যক্রম চলমান রাখতে হবে। রোগীর যেকোন জ্বর হলে তা হালকাভাবে না নিয়ে যথাযথ চিকিৎসা গ্রহণের পরামর্শ দেন। | ডেঙ্গুর প্রভাব রোধে পর্যাপ্ত মশার ঔষধ স্প্রে করা সহ সচেতনতা বৃদ্ধি করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।। | ১। মেয়র, লাকসাম পৌরসভা<br>২। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ |
| ৭.২ | **এলজিইডি:**<br>ক) উপজেলা পরিষদ অভ্যন্তরে বিভিন্ন স্থানে ছড়ানো ছিটানো ভাবে কয়েকটি পুরাতন সাইনবোর্ড/বিলবোর্ড স্থাপিত রয়েছে, যা পরিষদ ক্যাম্পাসের সৌন্দয্য নষ্ট করছে। ঝুকিপূর্ণভাবে স্থাপিত সাইনবোর্ড/বিলবোর্ড অপসারণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। এ লক্ষ্যে প্রস্তুতকৃত প্রাক্কলিত ব্যয় ১১,১৭০/- অনুমোদন করা যেতে পারে। | ক) সাইনবোর্ড /বিলবোর্ড অপসারণের লক্ষ্যে প্রস্তুতকৃত প্রাক্কলন বাবদ ১১,১৭০/- টাকা অনুমোদনসহ সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে কাজ বাস্তবায়নের অনুমোদন প্রদান করা হলো। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার ৩ক অনুসারে এ কাজের ব্যয় পরিশোধ করা হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রকৌশলী |
| | খ) উপজেলা পরিষদ অভ্যন্তরে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন নির্মাণ কাজ চলমান আছে। এ কাজে নতুন সেপটিক ট্যাংক নির্মাণ না করে পুরাতন সেপটিক ট্যাংক সংস্কার করে ব্যবহার করা যাবে। এতে সরকারি অর্থের সাশ্রয় হবে। পুরাতন সেপটিক ট্যাংক পরিষ্কার ও সংস্কারের লক্ষ্যে লক্ষ্যে প্রস্তুতকৃত প্রাক্কলিত ব্যয় ২৪,৭০০/- অনুমোদন করা যেতে পারে। | খ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পুরাতন সেপটিক ট্যাংক সংস্কারের লক্ষ্যে প্রস্তুতকৃত প্রাক্কলন বাবদ ২৪,৭০০/- টাকা অনুমোদনসহ সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে কাজ বাস্তবায়নের অনুমোদন প্রদান করা হলো। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার ৩ক অনুসারে এ কাজের ব্যয় পরিশোধ করা হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | গ) "উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা" এর অনুচ্ছেদ-১৬ অনুযায়ী ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী'র আওতায় পরিষদ কর্তৃক অনুমোদিত প্রকল্প তালিকা চলতি মাসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণের নির্দেশনা রয়েছে। অদ্যবধি সকল ইউনিয়ন পরিষদ হতে প্রকল্প তালিকা পাওয়া যায়নি। চলতি অর্থ বছরে সকল ইউনিয়ন পরিষদ ও পরিষদে হস্তান্তরিত দপ্তরসমূহ কর্তৃক "উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকার" অনুচ্ছেদ-০৬ (কপি সংযুক্ত) এর বিভাজন অনুযায়ী প্রকল্প দাখিল করা আবশ্যক। ইউনিয়ন পরিষদ হতে প্রকল্প দাখিলের ক্ষেত্রে সভার রেজুলেশন সংযুক্ত করা যেতে পারে। প্রতি ইউনিয়ন হতে আনুমানিক ৫০লক্ষ টাকার প্রাক্কলিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ রেখে অগ্রাধিকারভিত্তিক প্রকল্প তালিকা দাখিল করতে হবে। দাখিলকৃত তালিকা থেকে বরাদ্দ বিবেচনায় অগ্রাধিকারক্রম অনুযায়ী প্রকল্প বাস্তবায়নের জন্য গ্রহণ করা যেতে পারে। প্রকল্প বাছাইয়ের ক্ষেত্রে জনগুরুত্বপূর্ণ ও দৃশ্যমান প্রকল্প অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা যেতে পারে। | গ) "উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা" অনুযায়ী আগামী ২০/০৯/২০২৩ইং দিনের মধ্যে প্রকল্প তালিকা দাখিলের জন্য সকল দপ্তর প্রধান ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণদের অনুরোধ করা হলো। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রকৌশলী<br>৩। দপ্তর প্রধান, সকল দপ্তর<br>৪। চেয়ারম্যান, ইউপি (সকল) |
| | | ঘ) উপজেলা পরিষদের অভ্যন্তরে বিভিন্ন স্থানে বিক্ষিপ্ত ভাবে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক স্থাপিত পুরাতন ও পরিত্যাক্ত টয়লেট, উপজেলা পরিষদের দেয়াল ও দরজা-জানালা বিহীন টিনসেড, ওয়াল্ড ভিশন কর্তৃক স্থাপিত আয়রণ রিমুভাল প্লান্টের পানির ট্যাংক রয়েছে। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক স্থাপিত টয়লেটটি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর মূর‍্যালের সন্মুখে, ফলে মূর‍্যাল এলাকার সৌন্দয্য নষ্ট হচ্ছে। এছাড়া অন্যান্য স্থাপনাও মাস্টার প্লান বর্হিভূত হওয়ায় তা অপসারণ করা প্রয়োজন। | ঘ) পুরাতন স্থাপনাসমূহ যেখানে যে অবস্থায় আছে (সংশ্লিষ্ট দপ্তর হতে অনাপত্তি প্রাপ্তি সাপেক্ষে) তা উন্মুক্ত স্পট নিলাম আহ্বানের মাধ্যমে সর্ব্বোর্চ যে দর পাওয়া যায় সেই দরে নিলাম করে সরকারী কোষাগারে অর্থ জমাদান ও অপসারণ করার সিদ্ধান্ত গৃহিত হলো। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও ওয়াল্ড ভিশন কে পুরাতন স্থাপনা অপসারণে অনাপত্তি প্রদানের জন্য অনুরোধ করা হলো। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রকৌশলী<br>৩। উপ-সহকারী প্রকৌশলী (ডিপিএইচই) |
| | | ঙ) উপজেলা পরিষদের মাস্টার প্লান (অনুমোদনের প্রক্রিয়াধীন) অনুযায়ী লাকসাম উপজেলা পরিষদ কম্পাউন্ডে উপজেলা নির্বাহী অফিসার এঁর বাংলো নির্মাণের কারণে পূর্বের পুরাতন বাউন্ডারী ওয়াল উত্তর দিকের বেশির ভাগ অংশ ভেঙ্গে ফেলা হয়েছে এবং অবশিষ্ট অংশ ভেঙ্গে ফেলতে হবে। দক্ষিণ ও পশ্চিম দিকের ওয়াল দূরে থাকায় তা বাংলোর কাছাকাছি পুর্ননির্মাণ করতে হবে। এছাড়া কম্পাউন্ড উঁচু করার কারণে পূর্ব দিকের ওয়ালের উচ্চতা বাড়াতে হবে। উপজেলা নির্বাহী অফিসার বর্তমানে চেয়ারম্যান, উপজেলা পরিষদ এঁর জন্য নির্ধারিত বাংলো তে (যা পরিত্যাক্ত ঘোষণার অনুমোদন প্রক্রিয়াধীন) বসবাস করছেন। শীঘ্রই উপজেলা নির্বাহী অফিসার এঁর বাংলো | ঙ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের নিরাপত্তার জন্য সীমানা প্রাচীর নির্মাণের লক্ষ্যে ৭,৫৮,১৯৮.০০ (সাত লক্ষ আটান্ন হাজার একশত আটানব্বই) টাকা মাত্র প্রাক্কলিত ব্যয় প্রস্তাব অনুমোদন করা হলো। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে সীমানা প্রাচীর নির্মাণের লক্ষ্যে প্রয়োজনীয় অনুমোদন প্রদানের লক্ষ্যে প্রাক্কলনটি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হলো। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | নির্মাণ সম্পন্ন হলে তিনি তাঁর জন্য নির্ধারিত বাংলো তে বসবাস করবেন। ফলে নিরাপত্তার স্বার্থে প্রস্তাবিত বাউন্ডারী ওয়াল নির্মাণ করা আবশ্যক। এ লক্ষ্যে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। আলোচ্য কাজের প্রাক্কলিত ব্যয় ৭,৫৮,১৯৮.০০ (সাত লক্ষ আটান্ন হাজার একশত আটানব্বই) টাকা মাত্র। এ বিষয়ে অদ্যকার সভায় সিদ্ধান্ত নেওয়া যেতে পারে।<br><br>চ) উপজেলা পরিষদের মাস্টার প্লান (অনুমোদনের প্রক্রিয়াধীন) অনুযায়ী লাকসাম উপজেলা পরিষদ কম্পাউন্ডে সম্প্রসারিত প্রশাসনিক ভবন নির্মাণ কাজ শেষ পর্যায়ে রয়েছে। এ ভবনের মূল প্রবেশ গেটের দুই দিকের দেয়ালের এক দিকে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ০৭ই মার্চের ভাষণ ও অন্য দিকে বিজয় দিবসের থিম সম্বলিত টেরাকোটা স্থাপনের জন্য স্থানীয় জনপ্রতিনিধিগণ অনুরোধ করেছেন। তৎপ্রেক্ষিতে এ কাজটির জন্য কিছু নমুনা চিত্র সংগ্রহ করা হয়েছে। সে মোতাবেক প্রস্তাবিত টেরাকোটা আর্টওয়ার্ক সম্পাদনের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। এ লক্ষ্যে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। আলোচ্য কাজের প্রাক্কলিত ব্যয় ৩,৯০,০০০.০০ (তিন লক্ষ নব্বই হাজার) টাকা মাত্র। এ বিষয়ে অদ্যকার সভায় সিদ্ধান্ত নেওয়া যেতে পারে। | চ) উপজেলা পরিষদের সম্প্রসারিত প্রশাসনিক ভবনের মূল প্রবেশ গেটের দুই দিকের দেয়ালের এক দিকে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ০৭ই মার্চের ভাষণ ও অন্য দিকে বিজয় দিবসের থিম সম্বলিত টেরাকোটা স্থাপনের জন্য ৩,৯০,০০০.০০ (তিন লক্ষ নব্বই হাজার) টাকা মাত্র প্রাক্কলিত ব্যয় প্রস্তাব অনুমোদন করা হলো। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে এ কাজ বাস্তবায়নার্থে প্রয়োজনীয় অনুমোদন প্রদানের লক্ষ্যে প্রাক্কলনটি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হলো। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রকৌশলী |
| ৭.৩ | **উপজেলা মহিলা বিষয়ক অফিস:**<br>মা ও শিশু সহায়তা কর্মসূচীর অধীনে ২০২৩-২৪ অর্থ বছরের জন্য পৌরসভার ক্ষেত্রে প্রত্যেক মাসে ১৩ জন এবং ইউনিয়নের ক্ষেত্রে প্রত্যেক মাসে ৬ জন করে ভাতাভোগী নির্বাচনের বরাদ্দ পাওয়া গেছে। প্রশাসনিক নির্দেশনার প্রেক্ষিতে জুলাই ও আগস্ট মাসের জন্য পৌরসভার ২৬ জন এবং প্রত্যেক ইউনিয়নের বিপরীতে ১২ জন করে মোট ৯৬ জন ভাতাভোগী নির্বাচন প্রক্রিয়া উপজেলা কমিটির অনুমোদনক্রমে চূড়ান্ত করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসের কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা লাকসামকে বলা হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ৭.৫ | **উপজেলা প্রাণী সম্পদ অফিসঃ**<br>উপজেলা প্রাণী সম্পদ অফিসার লাকসাম ,প্রাণী সম্পদ অধিদপ্তরের জন্য আইন সমূহের প্রয়োগে উপজেলা প্রশাসন ও উপজেলা পরিষদের সহযোগিতা কামনা করেন। সেই সাথে জনসচেতনতা বৃদ্ধির জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করেন। উপকারভোগীদের প্রণোদনা তালিকা অনুসারে নির্দিষ্ট সময়ে প্রদান করা হয়। | উপজেলা প্রাণীসম্পদ অফিসের কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা লাকসামকে বলা হয়। | ১। উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা |
| ৭.৬ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসঃ**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, কাবিটা কাবিখা সাধারণ ও বিশেষ ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। ইতোমধ্যে বিভাজন করে প্রকল্প তালিকা দেওয়ার জন্য ইউপি চেয়ারম্যানদের পত্র দেওয়া হয়েছে। বিশেষ টিআর এবং সাধারণ টিআর এর বরাদ্দ পাওয়া গেছে। বিভাজন করে প্রকল্প তালিকা দেওয়ার জন্য ইউপি চেয়ারম্যানদের পত্র দেওয়া হয়েছে। | দ্রুত প্রকল্প তালিকা প্রেরণ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান (সকল) ইউপি |

<table>
<tr><td>৭.৭</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস:<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার লাকসাম জানান, আগামী ০২/০৯/২০২৩ তারিখ হতে ১২/৯/২০২৩ তারিখের মধ্যে জাতীয় স্কুল-মাদ্রাসা ক্রীড়া সমিতির ৫০তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতার বিষয়-ফুটবল, সাতার, দাবা, হ্যান্ডবল এবং কাবাডি। ফুটবল প্রতিযোগিতা উপজেলা ৪টি জোনে (পৌরসভা, মুদাফরগঞ্জ, জালাল মেমোরিয়াল এবং নরপাটি) অনুষ্ঠিত হবে। খেলাসমূহ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।</td><td>ক্রীড়া প্রতিযোগিতা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার লাকসামকে বলা হয়।</td><td>১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার</td></tr>
<tr><td></td><td>উপজেলা উন্নয়ন ও পরিচালন প্রকল্প (ইউজিডিপি)<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান, বাংলাদেশ সরকার এবং জাইকার অর্থায়নে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) তহবিলের ষষ্ঠ রাউন্ডের বিশেষ বরাদ্দের আওতায় বাস্তবায়নের জন্য নিম্নোক্ত ০২ টি অবকাঠামো উপপ্রকল্প “প্রকল্প যাচাই বাছাই কমিটি” কর্তৃক সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় অনুমোদনের জন্য সুপারিশ করা হয়। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় আলোচনা, সিদ্ধান্ত গ্রহণ ও অনুমোদনের জন্য অনুরোধ জানান।
<table>
<tr><th>ক্র নং</th><th>প্রকল্পের নাম</th><th>প্রস্তাবকারী বিভাগ</th><th>প্রাক্কলিত টাকা</th></tr>
<tr><td>০১</td><td>বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে মিনস্ট্রুয়াল হাইজিন ম্যানেজমেন্ট কর্ণার স্থাপন।</td><td>মাধ্যমিক শিক্ষা</td><td rowspan="2">পরিশিষ্ঠ গ (প্রাক্কলন সংযুক্ত)</td></tr>
<tr><td>০২</td><td>বড়বাম ফাজিল (ডিগ্রি) মাদরাসায় কম্পিউটার ল্যাব স্থাপন।</td><td>মাধ্যমিক শিক্ষা</td></tr>
</table></td><td>১।বিস্তারিত আলোচনা শেষে উপস্থাপিত ০২ টি অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্প অনুমোদিত হয় এবং প্রকল্পগুলো ইউজিডিপি প্রকল্প পরিচালক মহোদয় বরাবর তাঁর পর্যালোচনা, মতামত ও সম্মতির জন্য প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>২। প্রকল্পগুলো প্রকল্প পরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদের বার্ষিক / পঞ্চ বার্ষিক পরিকল্পনায় অন্তর্ভূক্তির জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>১। উপজেলা প্রকৌশলী<br>২। ইউডিএফ (ইউজিডিপি)<br><br>২। ইউডিএফ (ইউজিডিপি)</td></tr>
</table>

আলোচ্য সূচী-৮ ঃ ইউপি সমস্যা (যদি থাকে) সংক্রান্ত আলোচনা

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৮.১ | **মুদাফরগঞ্জ দক্ষিণ ইউনিয়ন পরিষদ:**<br>চেয়ারম্যান মুদাফরগঞ্জ দক্ষিণ ইউপি, মাঠ পর্যায়ে কৃষি অফিস এবং প্রাণী সম্পদ অফিসের মাঠকর্মীদের কার্যক্রম আরো বাড়াতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া তার ইউনিয়ন পরিষদের অন্যান্য সকল কার্যক্রম চলমান রয়েছে বলে জানান। | মুদাফরগঞ্জসহ সকল ইউপিতে মাঠ পর্যায়ে মাঠকর্মীদের কার্যক্রম বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা কৃষি অফিসার<br>২। উপজেলা প্রাণী সম্পদ অফিসার |

আলোচ্য সূচী- ঃ ৯ ঃ বিবিধ আলোচনা ঃ-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৯.১ | **উপজেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তার বক্তব্যঃ** উপজেলা নির্বাহী অফিসার লাকসাম, বলেন অত্র উপজেলা যোগদান করার পর এটা আমার প্রথম মাসিক সভা। জনপ্রতিনিধি, দপ্তর প্রধানদের সাথে সমন্বয় করে জনগণকে দ্রুত সেবা প্রদানের বিষয়ে প্রত্যয় ব্যক্ত করেন। লাকসাম উপজেলার চলমান উন্নয়ন কার্যক্রম অব্যাহত রাখার জন্য সকলের সহযোগিতা কামনা করেন।<br><br>উপজেলা পরিষদে আসবাবপত্র ক্রয়ের প্রয়োজন। সে প্রেক্ষিতে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা,২০২০ এর ৩ (ছ) মোতাবেক আসবাবপত্র ক্রয়ের প্রস্তাব করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উক্ত প্রস্তাবে উপস্থিত সবাই একমত পোষন করেন। | উপজেলা পরিষদের জন্য বিধি মোতাবেক আসবাবপত্র ক্রয়ের জন্য উপজেলা নির্বাহী অফিসার লাকসামকে আহবায়ক এবং উপজেলা সমাজসেবা কর্মকর্তা, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার লাকসামকে সদস্য করে একটি ক্রয় কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কমিটি উপজেলা পরিষদের জন্য বিধি মোতাবেক আসবাবপত্র ক্রয় কার্যক্রম সম্পন্ন করবেন। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>৩। উপজেলা সমাজসেবা অফিসার |
| ৯.২ | **চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম :**<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ লাকসাম ও সভাপতি উপজেলা পরিষদ বলেন, ২০২৩-২৪ নতুন অর্থবছর শুরু হয়েছে। বর্তমান সরকারের সর্বশেষ অর্থবছর এটা। উপজেলার কোন ইউনিয়নে উন্নয়ন কাজ বাকী থাকলে এ অর্থবছরে অগ্রাধিকার প্রকল্প দিয়ে তা বাস্তবায়ন করার নির্দেশনা দেন। | ২০২৩-২৪ অর্থবছরে নতুন প্রকল্প নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী |
| | উপজেলা পরিষদে নিয়োজিত অস্থায়ী কর্মচারী উত্তম কুমার পরিচ্ছন্নতাকর্মী চাকুরী থেকে অব্যাহতির আবেদন করেছে। ৩১/০৮/২০২৩ তারিখ থেকে তাকে চাকুরী থেকে অব্যাহতি প্রার্থনা করেছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>সেই সাথে পরিষদের পরিচ্ছন্নতার কাজ চালিয়ে নেওয়ার জন্য সালমা আক্তার, পিতা-জহিরুল ইসলাম, উত্তর পশ্চিমগাঁও লাকসাম পৌরসভাকে দৈনিক ভিত্তিতে পরিচ্ছন্নতাকর্মী হিসেবে সাময়িকভাবে উপজেলা পরিষদে নিয়োগ দেয়ার জন্য | সভায় বিস্তারিত আলোচনান্তে পরিচ্ছন্নতাকর্মী উত্তম চন্দ্র দাসের চাকুরী থেকে অব্যাহতির আবেদন গ্রহণ করার সিদ্ধান্ত হয় এবং সেই সাথে সালমা আক্তার, পিতা-জহিরুল ইসলাম, উত্তর পশ্চিমগাঁও লাকসাম পৌরসভাকে দৈনিক ভিত্তিতে পরিচ্ছন্নতাকর্মী হিসেবে সাময়িকভাবে উপজেলা পরিষদে নিয়োগ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ |

| | | | |
|---|---|---|---|
| | বলেন।<br>উপজেলা পরিষদের জীপগাড়ির জন্য জীপগাড়ি চালক আবেদন করেছেন। ৫৫,০০০/- টাকা লাগবে মর্মে আবেদনে উল্লেখ করেছেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা পরিষদের জীপ গাড়িটি মেরামতের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৫৫,০০০ টাকা চালক আব্দুল কাদেরের নামে উত্তোলনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |
| | উপজেলা পরিষদের জীপগাড়ি (১১-০১৫৫) এর ইঞ্জিন ওভার হোলিং, ৪টি টায়ার টিউব ও ডেন্টিং পেন্টিং করা জরুরী হয়ে পড়ছে মর্মে জীপ গাড়ি চালক আব্দুল কাদের আবেদন করেছেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা পরিষদের জীপগাড়ি (১১-০১৫৫) এর ইঞ্জিন ওভার হোলিং, ৪টি টায়ার টিউব ও ডেন্টিং পেন্টিং করার লক্ষ্যে মোটরযান পরিদর্শক বরাবর পত্র প্রেরণ সহ মন্ত্রণালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইউনুছ ভূঁইয়া)
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
লাকসাম, কুমিল্লা।

স্মারক নম্বর-০৫.৪২.১৯৭২.০০৬.০০.০১৩.২০২৩-৬৮৮

তারিখঃ ১৬ ভাদ্র ১৪৩০
৩১ আগস্ট ২০২৩

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :
০১। জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি ও মাননীয় মন্ত্রী,স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম।
০৪। জেলাপ্রশাসক, কুমিল্লা।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
০৭। উপজেলা ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
অনুলিপি অবগতি ও অবগতি কার্যার্থে প্রেরণ করা হলো ঃ
০৮। উপজেলা ...............অফিসার (সকল), লাকসাম, কুমিল্লা।
০৯। চেয়ারম্যান, ...................................ইউনিয়ন পরিষদ (সকল), লাকসাম, কুমিল্লা।
১০। উদ্যোক্তা, উপজেলা ডিজিটাল সেন্টার, লাকসাম (ওয়েবপোর্টালে প্রকাশের জন্য)
১১। অফিস কপি।

মোঃ আব্দুল হাই সিদ্দিকী
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
লাকসাম, কুমিল্লা।